# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 12 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণির ভর্তি-পরীক্ষা আজ শনিবার থেকে শুরু হয়েছে।আজ অনুষ্ঠিত হয় 'বি' ইউনিটের পরীক্ষা, যা বেলা ১১টা থেকে শুরু হয়।

ভর্তি-পরীক্ষা উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সালেহ্ হাসান নকীব বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।পরিদর্শন শেষে তিনি রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবনের সামনে সাংবাদিকদের সাথে কথা বলেন।এসময় তার সঙ্গে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাঈন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মোহা. ফরিদ উদ্দীন খান, কোষাধ্যক্ষ প্রফেসর মো. মতিয়ার রহমান, 'বি' ইউনিটের সমন্বয়কারী ও ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর মো. শরিফুল ইসলাম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ইফতিখারুল আলম মাসউদ, ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. হাসনাত কবীর, প্রক্টর প্রফেসর মো. মাহবুবর রহমান, ছাত্র-উপদেষ্টা ড. মো. আমিরুল ইসলাম এবং জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার।

পরিদর্শন শেষে উপাচার্য অভিভাবকদের জন্য স্থাপিত একটি টেন্টে যান এবং সেখানে উপস্থিত কিছু অভিভাবকের সঙ্গে মতবিনিময় করেন।

এবারের 'বি' ইউনিটের ভর্তি-পরীক্ষায় মোট আবেদনকারীর সংখ্যা ছিল ৪২ হাজার ৪৩৩ জন।এর মধ্যে অংশ নিয়েছে ৩৫ হাজার ১৪৫ জন, যা শতকরা হিসেবে ৮২.৮২%।পরীক্ষার্থীদের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১৩ হাজার ৬৩১ জন, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১৫ হাজার ৭৩০ জন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ৫ হাজার ৫৫৩ জন, খুলনা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ৪ হাজার ১০ জন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ৩ হাজার ৫০৯ জন পরীক্ষার্থী অংশ নেয়।

ভর্তি-পরীক্ষা যাতে আরও বেশি ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশ নিতে পারে সে লক্ষ্যেই রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাড়াও ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রেও পরীক্ষা আয়োজন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি-পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহায়তাকারী শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে এবং পরবর্তী পরীক্ষাগুলোও একইভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সবার সহযোগিতা কামনা করেছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় সাংবাদিক ভর্তি-পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/campus/660141318